

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬৯৯

জিরানীয়া, ৪ নভেম্বর, ২০২৪

জিরানীয়া মহকুমায় গলদা চিংড়ি মাছ চাষে সহায়তা

চলতি অর্ধবছরে জিরানীয়া মহকুমায় গলদা চিংড়ি মাছ চাষে ১৮ জন মৎস্য চাষীকে সহায়তা করা হয়েছে। জিরানীয়া মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয়ের উদ্যোগে এই প্রকল্পে জিরানীয়া মহকুমার জিরানীয়া ব্লকে ৫ জন, পুরাতন আগরতলা ব্লকে ৪ জন, বেলবাড়ি ব্লকে ২ জন, মান্দাই ব্লকে ৫ জন, জিরানীয়া নগর পঞ্চায়েত এলাকায় ১ জন এবং রাণীরবাজার পুর পরিষদ এলাকায় ১ জন মৎস্যচাষী উপকৃত হয়েছেন। এই প্রকল্পে প্রতিটি মৎস্যচাষীকে ১৬০০টি করে গলদা চিংড়ি মাছের পোনা বিতরণ করা হয়েছে। এ প্রকল্পে মোট ব্যয় হয়েছে ৩ লক্ষ ৪২ হাজার টাকা। এরফলে ২.৮৮ হেক্টর জলাশয় গলদা চিংড়ি মাছ চাষের আওতায় এসেছে। জিরানীয়া মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*